কোভিড-১৯ প্রতিরোধে টিকা গ্রহণ করলেন এমপি টগর

করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধের জন্য টিকা গ্রহণ করেছেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর। গতকাল বুধবার সকাল সাড়ে ১১ টার সময় দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে এই টিকা গ্রহণ করেন।

পর্যায়ক্রমে টিকা গ্রহণ করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, দর্শনা কেরুজ চিনিকলের প্রশাসনিক কর্মকর্তা মোঃ শাহাবুদ্দিন, শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সাধারণ সম্পাদক মাসুদুর রহমান, দামুড়হুদা মডেল থানার ওসি আব্দুল খালেক, ওসি (তদন্ত) আব্দুল্লাহ আল মামুন, কুড়ুলগাছি ইউপি চেয়ারম্যান শাহ মোহাম্মদ এনামুল করীম ইনু, দামুড়হুদা প্রেস ক্লাবের প্রতিষ্ঠাতা সভাপতি দীন মোহাম্মদ, সাংবাদিক সমিতির সাবেক সভাপতি জাহিদুর রহমান মুকুলসহ অনেকে।

টিকা গ্রহণ করার পর সকলেই সুস্থ ও স্বাভাবিক আছেন। কোন পার্শ্বপ্রতিক্রিয়া এখনো পর্যন্ত হয়নি এবং হবে না বলে আশাবাদী তারা। অন্যদেরও করোনা ভাইরাস প্রতিরোধে টিকা গ্রহণের জন্য উৎসাহিত করেন এমপি হাজী আলী আজগার টগর।

দামুড়হুদার জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ভবনের ভিত্তি প্রস্তর স্থাপন

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নে ৭৬ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয়ে জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ৪ তলা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি হাজী মোঃ আলী আজগার টগর।

গতকাল বুধবার (১০ ফেব্রুয়ারি) সকাল সাড়ে ১০ টার সময় উক্ত উদ্বোধন অনুষ্ঠানে এমপি আলী আজগার টগর বলেন প্রধানমন্ত্রী ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের কন্যা শেখ হাসিনা বাংলাদেশকে সোনার বাংলা গড়ে তুলতে বিভিন্ন ভাবে উন্নয়ন মূলক কাজ করে যাচ্ছে, এ ধারাবাহিকতায় ৭৬ লক্ষ ৫০ হাজার টাকা ব্যয়ে জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ৪ তলা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হলো।

এভাবে আমরা চুয়াডাঙ্গা-২ আসনে বিভিন্ন প্রতিষ্ঠান, সড়কের কাজসহ অসংখ্য উন্নয়নমূলক কাজ করেছি এবং আরো যাতে আমরা চুয়াডাঙ্গা জেলায় উন্নয়ন করতে পারি সেই জন্য কাজ অব্যাহত রেখেছি।

এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু, অত্র বিদ্যালয়ের সভাপতি এবং হাউলী ইউনীয়নের আওয়ামী লীগ সভাপতি আলী আহম্মেদ সোনা, হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আদিলুর রহমান আদিল, ইউনিয়ন ছাত্রলীগের আহবায়ক মোঃ রায়হানুল ইসলাম রায়হান, জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক মোঃ সিরাজুল হকসহ আরো অনেকে।

উক্ত জয়রামপুর মাধ্যমিক বিদ্যালয়ের নতুন ৪ তলা ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন উদ্বোধন ছাড়াও আরো দামুড়হুদার পিরপুরকুল্লা নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও কুড়ালগাছি মাধ্যমিক বিদ্যালয়ের চার তলা ভিত বিশিষ্ট একতলা একাডেমিক ভবন নির্মাণ কাজের উদ্বোধন করলেন।

কুতুবপুর ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলায় কুড়ুলগাছি একাদশ জয়ী

দামুড়হুদা উপজেলার কুতুবপুর ক্রিকেট টুর্নামেন্ট ২০/২১ এর ফাইনাল খেলায় কুতুবপুর একাদশকে হারিয়ে কুড়ুলগাছি একাদশ জয়লাভ করেছে।

গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে তিনটার দিকে কুতুবপুর ক্রিকেট মাঠ প্রাঙ্গণে এ খেলা অনুষ্ঠিত হয়।

প্রথমে টসে জিতে কুড়ুলগাছি একাদশ ব্যাটিং করার সিদ্ধান্ত নেয়। কুড়ুলগাছি একাদশ ব্যাট করতে নেমে নির্ধারিত ১৫ ওভার শেষে ৭ উইকেট হারিয়ে ১৭১ রান সংগ্রহ করে।

কুতুবপুর একাদশ ১৭২ রানের টার্গেটে ব্যাট করতে নেমে ৮ উইকেট হারিয়ে ১৫ ওভার খেলে ৯৩ রান সংগ্রহ করে। কুড়ুলগাছি একাদশের ইচু তিন উইকেট ও ২৯ বলে ৯৪ রান করে ম্যান অব দ্যা ম্যাচ এর পুরস্কার জিতে নেন।

ফাইনাল খেলায় জয়লাভ করে পুরস্কার তুলে নেন কুড়ুলগাছি একাদশের ক্যাপ্টেন আশরাফুল। ফাইনাল খেলার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট, মনি মেম্বর, সাংবাদিক শরীফ রতন, মেহেদী হাসান মিলন, বিল্লাল, প্রিন্স সাজ্জাদ ও টুর্নামেন্ট কমিটির নেতৃবৃন্দ।

দামুড়হুদার কুড়ুলগাছিতে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীকে রাষ্ট্রীয় মর্যাদায় দাফন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি গ্রামের মৃত জবেদ আলীর ছেলে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীর মরদেহ রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন করা হয়েছে। জানা গেছে, গতকাল মঙ্গলবার ভোরের দিকে বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলী অসুস্থতাজনিত কারণে মৃত্যবরণ করেন।

গতকাল মঙ্গলবার দুপুর ২টার দিকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের নেতৃত্বে দর্শনা থানা পুলিশের চৌকস পুলিশ সদস্যরা বীর মুক্তিযোদ্ধা লিয়াকত আলীকে গার্ড অব অনার প্রদান

করেন। গার্ড অব অনার শেষে কুড়ুলগাছি গ্রাম্য কবরস্থানে তাঁর দাফন সম্পন্ন হয়।

এ সময় উপস্থিত ছিলেন কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ মো: এনামুল করিম ইনু, বীর মুক্তিযোদ্ধা সাবেক দামুড়হুদা উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডার আছের উদ্দীন ও দামুড়হুদা উপজেলার বীর মুক্তিযোদ্ধারা।

দামুড়হুদায় সেলাই মেশিন, স্যানিটারি প্যাড, টিফিন বক্স, ডাস্টবিন ও মাস্ক বিতরণ

দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদে সেলাই মেশিন, স্যানিটারি প্যাড, টিফিন বক্স, ডাস্টবিন ও মাস্ক বিতরণ করা হয়েছে।

গতকাল মঙ্গলবার (৯ ফেব্রুয়ারি) হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব মোঃ নিজাম উদ্দীনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার জনাব দিলারা রহমান। এছাড়া আরো উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ আবু সাঈদ খোকনসহ আরো অনেকে।

উক্ত অনুষ্ঠানে গরীব অসহায় মহিলাদের মাঝে সেলাই মেশিন তুলে দেন উপস্থিত অতিথি বৃন্দ। এ সময় স্যানিটারি প্যাড, টিফিন বক্স, ডাস্টবিন ও মাস্ক বিতরণ করা হয়।

দামুড়হুদায় করোনার টিকা প্রদান কর্মসূচির উদ্বোধন

গতকাল সকাল ১০টায় ঢাকা মহাখালী স্বাস্থ্য ভবনে ভার্চুয়ালী টিকা কার্যক্রমের উদ্বোধন করেন স্বাস্থ্য মন্ত্রী জাহেদ মালেক। এর মাধ্যমে সারাদেশে একযোগে টিকা কার্যক্রম শুরু হয়েছে।

এ ধারাবাহিকতায় গতকাল সকালে দামুড়হুদা উপজেলা সাস্থ্য কমপ্লেক্সে কোভিড-১৯ ভ্যাকসিন প্রদান কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

এ সময় তিনি বলেন টিকা প্রয়োগে দেশের পরিস্থিতি আবারও স্বাভাবিক হবে, আবারো মানুষের কাজের গতি ফিরে আসবে। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মাহাফুজুর রহমান মন্জু। এছাড়া উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা আওয়ামী যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলীসহ দামুড়হুদা উপজেলা স¦◌াস্থ্য কমপ্লেক্সের কর্মচারী ও কর্মকর্তা বৃন্দ।

উক্ত অনুষ্ঠানে সঞ্চালনায় ছিলেন দামুড়হুদা উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আবু হেনা মোহাম্মদ জামাল শুভ। এ সময় কোভিড-১৯ ভ্যাকসিনেশন প্রোগ্রামের উদ্বোধনকালে দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফসহ বেশ কয়েক জন ভ্যাকসিন গ্রহণ করছেন।

দামুড়হুদায় রাস্তার নির্মাণ

কাজের উদ্বোধন

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর পার্শ্ববর্তী মাঠের রাস্তার কাজের উদ্বোধন করা হয়েছে।

গতকাল রবিবার ৭ ফেব্রুয়ারি সকাল সাড়ে ১১ টার সময় উক্ত উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু।

এ ছাড়াও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান মোঃ শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা আওয়ামী যুবলীগের সাধারণ সম্পাদক মোঃ হযরত আলীসহ স্থানীয় নেতৃবৃন্দ ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

দামুড়হুদায় গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

দামুড়হুদা গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৩ টার সময় দামুড়হুদা সদর ইউনিয়ন শাখা বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জনাব মোঃ শফিউল কবির ইউসুফ এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ আলী মুনছুর বাবু।

এ সময় তিনি বলেন, আমাদের ছেলেমেয়েকে মাদকমুক্ত করতে হলে এবং যুব সমাজকে ভালো রাখার জন্য পড়াশোনার পাশাপাশি খেলাধুলার একান্ত প্রয়োজন।

দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবীর সঞ্চালনায় এ সময় দামুড়হুদা উপজেলা আওয়ামী যুব লীগের সাধারণ সম্পাদক মোঃ হযরত আলীসহ আরো অনেকে উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় দুস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ

দুস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ অব্যাহত রেখেছেন দামুড়হুদা সদর ইউপি নির্বাচনের চেয়ারম্যান পদপ্রার্থী হাজি আব্দুল কাদির। তিনি চলতি বছরে শীতের শুরু থেকেই ইউনিয়নের বিভিন্ন গ্রামে গ্রামে অসহায় গরীব দুস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ করে যাচ্ছেন।

এরই ধারাবাহিকতায় তিনি গত বৃহস্পতিবার ইউনিয়নের উজিরপুর গ্রামের দ্বীঘপাড়া, মন্ডলপাড়া, মালোপাড়া, দোপেরপাড়া, খাসপাড়া, খলিফাপাড়া, গাংপাড়া, মাঠপাড়ায় ১২০ জন হতদরিদ্র নারী-পুরুষের মাঝে শীতবস্ত্র (কম্বল) বিতরণ করেন।

শীতবস্ত্র বিতরণকালে উপস্থিত ছিলেন উজিরপুর গ্রামের জাহিদুল ইসলাম, লিপন, মতিয়ার রহমান, সোহেল, শাহিন, শরিফুল, সামাদ প্রমুখ।

দামুড়হুদায় বাঁশ-বেত শিল্পীদের মাঝে কম্বল বিতরণ

দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গায় বিলুপ্ত প্রায় বাঁশ-বেত শিল্পীদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এই কম্বল বিতরণ করেন।

কার্পাসডাঙ্গা বাঁশ-বেত শিল্পীরা জানান, বুধবার দুপুরে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান তাদের অজান্তে হঠাৎ তাদের মহল্লায় উপস্থিত হয়। তারা উপজেলা নির্বাহী অফিসারের গাড়ি দেখে এগিয়ে গেলে উপজেলা নির্বাহী অফিসার তাদের কম্বল দেওয়া হবে বলে জানায়।

এ সময় উপজেলা নির্বাহী অফিসার বাড়ী বাড়ী গিয়ে প্রত্যেক পরিবার ও তাদের আশেপাশের দুস্থ অসহায় নারীদের হতে কম্বল তুলে দেন। এই প্রথম বারের মত প্রচণ্ড শীতে কম্বল পেয়ে তারা খুব খুশি।